



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

তারিখ: ২৩/১০/২০১৬

প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগে সেমিনার অনুষ্ঠিত

সম্প্রতি বরিশাল বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগে “বাংলাদেশের সমাজ পরিবর্তনের সাম্প্রতিক প্রবণতা ও আমাদের করণীয়” শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে একক বক্তৃতা উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বনামধন্য অধ্যাপক ও সম্মানিত সিনেট সদস্য ড. আবুল কাসেম মোহাম্মদ জামাল উদ্দীন। তিনি জগিবাদ, সন্ত্রাসবাদ, সাম্প্রদায়িকতা, দূনীতি, ইন্টারনেটের অপব্যবহারসহ নানা জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে অনুসন্ধানী ও বিশ্লেষণমূলক বক্তৃতা প্রদান করেন। সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান মোঃ সাদেকুর রহমানের সভাপতিত্বে আয়োজিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। অন্যান্যদের মধ্যে সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষকমণ্ডলী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। সেমিনারে সঞ্চালকের দায়িত্ব পালন করেন বিভাগের সহকারী অধ্যাপক জনাব অসীম কুমার নন্দী। ইতোপূর্বেও একই বিভাগে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় সহ-উপাচার্য অধ্যাপক ড. খন্দকার মোকাদ্দেম হোসেন “সামাজিক গবেষণা পদ্ধতি” এর উপরে আয়োজিত এক সেমিনারে বক্তব্য রাখেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
জনসংযোগ কর্মকর্তা
বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)